**Sub:** Bengali Grammar Work Sheet-10 **Class:** 6 **Date:** 24.04.2020

# স্বরসন্ধি

**সঠিক উত্তরটি নির্বাচন কর ঃ-**

১। সন্ধি বলতে বোঝায় —
(ক) শব্দে শব্দে মিলন (খ) পদে পদে মিলন
(গ) ধ্বনিতে ধ্বনিতে মিলন (ঘ) কোনটি নয়

২। সন্ধি প্রধানত কয় প্রকার ?
(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) ছয়

৩। 'সন্ধি' শব্দের অর্থ হল —
(ক) পূর্ণতা (খ) মিলন
(গ) বিচ্ছেদ (ঘ) কোনটি নয়

৪। সন্ধি বিচ্ছেদ বলতে বোঝায় —
(ক) পদে পদে বিচ্ছেদ (খ) শব্দে শব্দে বিচ্ছেদ
(গ) ধ্বনিতে ধ্বনিতে বিচ্ছেদ (ঘ) কোনটি নয়

৫। স্বরসন্ধি বলতে বোঝায় —
(ক) স্বরধ্বনিতে স্বরধ্বনিতে মিলন (খ) স্বরবর্ণে ব্যঞ্জনবর্ণে মিলন
(গ) ব্যঞ্জনবর্ণে স্বরবর্ণে মিলন (ঘ) কোনটি নয়

৬। 'মহৌষধ' শব্দের সন্ধি বিচ্ছেদ কি হবে ?
(ক) মহৌ + ষধ (খ) মহা + ঔষধ
(গ) মহৌ + ঔষধ (ঘ) কোনটি নয়

৭। পরম + অণু = ?
(ক) পরমাণু (খ) পরমঅনু
(গ) পরামানু (ঘ) কোনটি নয়

৮। 'দেবালয়' শব্দের সন্ধি বিচ্ছেদ কি হবে ?
(ক) দেবা + লয় (খ) দেবা + আলয়
(গ) দেব + আলয় (ঘ) কোনটি নয়

৯। 'কথামৃত' শব্দের সন্ধি বিচ্ছেদ হল —
(ক) কথা + মৃত (খ) কথা + অমৃত
(গ) কথ + আমৃত (ঘ) কোনটি নয়

১০। 'মহাশয়' শব্দের সন্ধি বিচ্ছেদ হল —
(ক) মহা + আশয় (খ) মহা + শয়
(গ) মহ + আশয় (ঘ) কোনটি নয়

১১। ‘অভীষ্ট’ শব্দের সন্ধি বিচ্ছেদ হল —

(ক) অভী + ইষ্ট (খ) অভি + ঈষ্ট

(গ) অভি + ইষ্ট (ঘ) কোনটি নয়

১২। ‘পরীক্ষা’ শব্দের সন্ধি বিচ্ছেদ হল —

(ক) পরী + ঈক্ষা (খ) পরি + ইক্ষা

(গ) পরী + ইক্ষা (ঘ) পরি + ঈক্ষা

১৩। রবি + ইন্দ্র = ?

(ক) রবীন্দ্র (খ) রবিন্দ্র

(গ) ররিইন্দ্র (ঘ) কোনটি নয়

১৪। ‘মরূদ্যান’ শব্দের সন্ধি বিচ্ছেদ হল —

(ক) মরূ + দ্যান (খ) মরূ + উদ্যান

(গ) মরু + উদ্যান (ঘ) মরু + দান

১৫। ‘গিরীশ’ শব্দের সন্ধি বিচ্ছেদ হল —

(ক) গিরি + ইশ (খ) গিরি + ঈশ

(গ) গিরী + ইশ (ঘ) গিরী + ঈশ

**Amit Kundu**

*********